**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/22/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ক্যাপিটাল রিজিয়ন এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে গৃহহীন আবাসন প্রকল্পে 12.3 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন

## *গৃহহীন আবাসন এবং সহায়তা প্রোগ্রামের তহবিল 155টি হাউজিং ইউনিট নির্মাণ বা সংরক্ষণ করবে*

## *এই বছরের শুরুতে বরাদ্দকৃত 8টি প্রকল্পকে 25 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হয়েছে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে রেনসেলার, স্কেনেক্টেডি এবং শাটোকুয়া কাউন্টিতে গৃহহীনতার সম্মুখীন নিউ ইয়র্কবাসীদের আবাসন নির্মাণে 12.3 মিলিয়ন মার্কিন ডলার তহবিল পুরস্কৃত করা হয়েছে। স্টেটের গৃহহীন আবাসন এবং সহায়তা প্রোগ্রামের (Homeless Housing and Assistance Program) মাধ্যমে অর্থায়িত এই প্রকল্পগুলি 134টি স্থায়ী সহায়ক ইউনিট, 14টি অন্তর্বর্তী আবাসন ইউনিট এবং সাত ইউনিট জরুরি আবাসন তৈরি বা সংরক্ষণ করবে।

"নিউ ইয়র্কবাসীদের কাছে নিরাপদ, সাশ্রয়ী আবাসন রয়েছে তা নিশ্চিত করা গৃহহীনতার বিরুদ্ধে লড়াইয়ে একটি মৌলিক প্রয়োজনীয়তা," **গভর্নর হোকল বলেন।** "গৃহহীন নারী এবং শিশুরা, যারা প্রায়শই অত্যাচার বা পারিবারিক সহিংসতা থেকে পালিয়ে আসে, আমাদের স্টেটের সবচেয়ে অসহায় জনগোষ্ঠীদের অন্তর্ভুক্ত। এই প্রকল্পগুলি তাদের জন্য কেবল একটি নিরাপদ, নির্ভরযোগ্য আবাস প্রদান নিশ্চিত করতে উল্লেখযোগ্য বিনিয়োগই শুধু নয়, বরং একটি নতুন জীবন নির্মাণ শুরু করার জন্য তাদের প্রয়োজনীয় সম্পদ থাকা নিশ্চিত করে।"

তহবিল প্রাপ্ত প্রকল্পের একটি হল হারবার হাউজ, যা স্কেনেক্টেডিতে ওয়াইডব্লিউসিএ অফ নর্থওয়েস্টার্ন নিউ ইয়র্কের (YWCA of Northeastern New York) 19.5 মিলিয়ন মার্কিন ডলার ব্যায়ের একটি প্রকল্প যা নারী এবং তাদের পরিবারের জন্য 54টি ইউনিট, স্থায়ী সহায়ক আবাসনের 62টি বিছানা নির্মাণ করবে। পরিকল্পনার মধ্যে রয়েছে YWCA এর স্টকেড ডিসট্রিক্টের ক্যাম্পাসে একটি তিন তলা ভবন নির্মাণ যা YWCA এর প্রধান প্রশাসনিক ভবনের পাশে থাকবে, যার ফলে ভাড়াটিয়ারা কর্মী এবং সেবায় সহজ প্রাপ্যতা পাবেন। এই প্রকল্পের নির্মাণ খরচ বাবদ YWCA কে 5.6 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বরাদ্দ করা হয় এবং পরিচালনা খরচ এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভের (Empire State Supportive Housing Initiative) মাধ্যমে যোগানো হবে।

YWCA অফ দ্য গ্রেটার ক্যাপিটাল রিজিয়ন (YWCA of the Greater Capital Region) সিটি অফ ট্রয়ে একটি বিদ্যমান সহায়ক আবসন প্রকল্পের উল্লেখযোগ্য পুনর্বাসনের জন্য 2.8 মিলিয়ন মার্কিন ডলার তহবিল পাচ্ছে। 3.1 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের প্রকল্প নারী এবং শিশুদের জন্য স্থায়ী সহায়ক আবাসনের ৪0টি ইউনিট এবং অন্তর্বর্তী আবাসনের 14টি ইউনিট সংরক্ষণ করবে।

জেমসটাউনের স্য স্যালভেশন আর্মি একটি বিদ্যমান জরুরি আশ্রয়কেন্দ্র স্থানান্তর করার জন্য 3.8 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে যার মধ্যে রয়েছে একটি নতুন দুই তলা ভবন নির্মাণ যাতে সাতটি ইউনিট এবং 19টি বিছানা থাকবে। 4.8 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের এই প্রকল্প আমেরিকানস উইথ ডিজেবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) এর সাথে সামঞ্জস্যপূর্ণ হবে,এবং ছয়টি বাড়তি বিছানা তৈরি করবে এবং সেবা কর্মীদের একই ভবনে অফিস থাকার ব্যবস্থা করবে।

"এই তহবিল এই সম্প্রদায়গুলিতে এবং গৃহহীনতা নিরসনে তাদের প্রচেষ্টায় বিশাল প্রভাব ফেলবে," **অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স (Office of Temporary and Disability Assistance, OTDA) এর ইক্সিকিউটিভ ডেপুটি কমিশনার বারবারা সি. গুইন বলেন।** "গভর্নর হোকল অভাবী মানুষদের নিজের পায়ে উঠে দাঁড়ানোতে সহায়তা করার ক্ষেত্রে জরুরি, অন্তর্বর্তী এবং স্থায়ী সহায়ক আবাসনের গুরুত্ব অনুধাবন করেন।"

"আমি গভর্নর হোকলকে তার প্রচেষ্টার জন্য এবং শাটোকুয়া কাউন্টিতে যারা গৃহহীন তাদের সহায়তা করার জন্য ধন্যবাদ জানাই," **শাটোকুয়া কাউন্টির ইক্সিকিউটিভ পিজে ওয়েন্ডেল বলেন।** "আমাদের বাসিন্দাদের জন্য সোশ্যাল সার্ভিস সম্প্রসারণে কাউন্টি এবং বেসরকারি অংশীদারদের সম্মিলিত প্রচেষ্টার আমি জন্য গর্বিত। এই তহবিল জেমসটাউনের স্য স্যালভেশন আর্মিকে আরও সহায়তা করবে যখন এটি আমাদের সম্প্রদায়ের সদস্যদের জরুরি আশ্রয়ের ব্যবস্থা করতে সহায়তা করছে ততদিন পর্যন্ত যখন তারা নিরাপদ এবং স্থিতিশীল আবাসনে চলে যেতে পারেন।"

"নিরাপদ এবং সাশ্রয়ী আবাসনের উপলভ্যতা অসহায় ব্যক্তি এবং সংকটে থাকা পরিবারের জন্য একটি জীবন রক্ষাকারী বিকল্প হতে পারে," **ট্রয়ের মেয়র প্যাট্রিক ম্যাডেন বলেন।** "এই তহবিল আমাদের সম্প্রদায়ের অভাবী মানুষদের জীবনে স্থিতিশীলতা আনতে সহায়ক আবাসন সংরক্ষণে অতীব প্রয়োজনীয়। আমরা স্টেটের সমর্থনের জন্য গভর্নর হোকলের কাছে এবং এই প্রকল্পে নেতৃত্ব দেওয়ার জন্য YWCA অফ দ্য গ্রেটার ক্যাপিটাল রিজিয়নের কাছে কৃতজ্ঞ।"

"আমাদের প্রশাসনের জন্য গৃহহীনতা সমস্যার মোকাবেলা একটি প্রধান অগ্রাধিকার," **জেমসটাউনের মেয়র এডি সান্ডকুইস্ট বলেন।** হাজার হাজার নারী এবং তাদের সন্তানদের অত্যাচারের চক্র থেকে বেরিয়ে নিরাপদ, স্থিতিশীল আবাসনে স্থানান্তর করতে জরুরি আশ্রয় দেওয়ার দ্য আনিউ সেন্টার (ANEW Center) এর দীর্ঘকালীন ইতিহাস রয়েছে। এই প্রস্তাবিত পরিষেবা আমাদের সম্প্রদায়ের পারিবারিক সহিংসতার শিকার অসুরক্ষিত ভুক্তভোগীদের নির্ভরযোগ্য আবাসন সুবিধা দেবা। আমাদের নারী এবং শিশুরা যাতে একটি নিরাপদ, সমর্থনপূর্ণ

পরিবেশে থাকার সুযোগ পায় তা নিশ্চিত করার জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

"স্কেনেক্টেডির নারী এবং তাদের পরিবারের জন্য নিরাপদ এবং সাশ্রয়ী আবাসন প্রাপ্যতা বৃদ্ধি করতে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগের জন্য নেতৃত্বে প্রদানের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই," **স্কেনেক্টেডির মেয়র গ্যারি ম্যাকার্থি বলেন।** YWCA হল আমাদের সম্প্রদায়ের সবচেয়ে ঝুঁকিপূর্ণ সদস্যদের জন্য একটি নিরাপত্তার বিকন, এবং আমরা গভর্নর হোকল এবং স্টেটের গৃহহীন আবাসন এবং সহায়তা প্রোগ্রামকে এই মিশনের প্রতি তাদের অতুলনীয় সমর্থনের জন্য ধন্যবাদ জানাই।"

"YWCA নর্থইস্টার্ন নিউ ইয়র্ক (YWCA NENY) আমাদের সম্প্রসারণ প্রকল্প, হারবার হাউজের তহবিল প্রদান করার জন্য নিউ ইয়র্ক স্টেটের কাছে কৃতজ্ঞ, যা স্কেনেক্টেডিতে মোহোক রিভারের পাশে একটি নিরাপদ এবং সম্মানজনক পরিবেশে নারী এবং তাদের পরিবারকে একটি অতীব প্রয়োজনীয় আবাসন এবং আশা দেয়," **YWCA নর্থইস্টার্ন নিউ ইয়র্কের প্রধান নির্বাহী কর্মকর্তা কিম সিসিলিয়ানো বলেন।** "এই তিন বছরের বেশি সময়ের যাত্রা আরও বেশি করে প্রমাণ করেছে যে আমাদের সম্প্রদায়ে বাড়তি সহায়ক আবাসনের কেন প্রয়োজন। আমরা এই প্রকল্পগুলি শুরু করতে উন্মুখ, যা আমাদের সম্প্রদায়ের নারীদের সাশ্রয়ী আবাসন প্রদানের মাধ্যমে ক্ষমতায়নের YWCA NENY এর 133 বছরের ইতিহাসকে আরও সমৃদ্ধ করবে।"

"এই তহবিলগুলি আমাদের ঐতিহাসিক ভবনের বৃহৎ উন্নয়নের সুযোগ দেবে, যার ফলে আরও এক শতকের জন্য আমাদের বাসিন্দা এবং কর্মীদের নিরাপত্তা, সুরক্ষা নিশ্চিত হবে," **YWCA অফ দ্য গ্রেটার ক্যাপিটাল রিজিয়নের ইক্সিকিউটিভ ডিরেক্টর স্টারলেটা স্মিথ বলেন।** "আমরা এই জরুরি আপডেটগুলি শুরু করতে উন্মুখ, যা আমাদেরকে আমাদের সম্প্রদায়ের নারী এবং শিশুদের সেবা প্রদানের মিশনে নিয়োজিত রাখবে।"

"আমরা এই পুরস্কারের জন্য খুবই কৃতজ্ঞ, কারণ আমাদের মিশন হল "সবচেয়ে বেশি ভালো করা" মেয়র জন মারচেন্ট", **জেমসটাউনের স্যালভেশন আর্মির কমান্ডিং অফিসার বলেন।** "আমরা আমাদের সম্প্রদায়ের সদস্যদের সেবা দেওয়ার জন্য নিয়োজিত, বিশেষ করে আমাদের মধ্যে যারা সবচেয়ে বেশি অরক্ষিত।"

রাজ্যের অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যান্সের (Office of Temporary and Disability Assistance) দ্বারা প্রশাসিত হোমলেস হাউজিং অ্যান্ড অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম সহায়ক হাউজিং ইউনিট নির্মাণ করার জন্য বা জরুরি আশ্রয় কেন্দ্র মেরামতের জন্য 128 মিলিয়ন মার্কিন ডলার মূলধন তহবিল উপলভ্য করেছে। এই পর্যন্ত, এই বছরে প্রোগ্রামটি আটটি প্রকল্পে 25 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছে যা সারা রাজ্যে 213টি সহায়ক আবাসন ইউনিট যোগ করবে এবং রাজ্য জুড়ে জরুরি আশ্রয়গুলি মেরামত করবে। গত বছরে, কর্মসূচিটি 30 টি প্রকল্পকে অর্থায়ন প্রদান করেছিল যা সহায়ক আবাসনের 881 টি ইউনিট যোগ করবে এবং জরুরি আশ্রয়গুলিকে মেরামত করবে।

গৃহহীনদের আবাসন সহায়তা কর্মসূচিটি লাভের উদ্দেশ্যহীন কর্পোরেশন, দাতব্য ও ধর্মীয় সংগঠন ও পৌরসভাগুলিকে সেই সকল মানুষের জন্য বাসস্থান অর্জন, নির্মাণ করতে বা পুনর্বাসন দিতে মূলধনী অনুদান ও ঋণ প্রদান করে যারা বিশেষ সহায়তা ছাড়া পর্যাপ্ত বাসস্থান পেতে অক্ষম। OTDA কর্মীদের দ্বারা চালিত একটি সরকারি সুবিধা কর্পোরেশন, নিউ ইয়র্ক স্টেট গৃহহীনদের আবাসন ও সহায়তা নিগম (New York State Homeless Housing and Assistance Corporation) দ্বারা একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে অনুদানগুলি মঞ্জুর করা হয়।

এই প্রকল্পের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট সহায়ক আবাসন উন্নয়নে 1.2 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি নিযুক্ত করেছে। কর্মসূচিটি গৃহহীনতায় ভোগা ব্যক্তি ও পরিবারগুলিকে সহায়তা করার জন্য মোট 22,000 টির বেশি বাসস্থানের ইউনিট তৈরি করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418